তারিখ ... 25 MAY 2016 ...
পৃষ্ঠা ...১৫... কলাম ২... ......

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষক লাঞ্ছনা ॥ সেলিম ওসমানকে দ্রুত গ্রেফতার দাবি

**জনকণ্ঠ ডেস্ক ॥** শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে মঙ্গলবার মানববন্ধন করেছে শিক্ষক সমিতি। এ সময় বক্তারা এমপি সেলিম ওসমানকে দ্রুত গ্রেফতার দাবি করেন। খবর স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের

**বাগেরহাট ॥** নারায়ণগঞ্জে শিক্ষক শ্যামল কান্তি ভক্ত এবং চিতলমারীর শিক্ষক কৃষ্ণপদ মহলী ও অশোক ঘোষালকে লাঞ্ছিত করার প্রতিবাদে মঙ্গলবার বাগেরহাট শিক্ষক সমিতির উদ্যোগে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ হয়েছে। বাগেরহাট প্রেসক্লাবের সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

**নওগাঁ ॥** শিক্ষক নির্যাতনকারী সেলিম ওসমানের এমপি পদ বাতিল ও তাকে অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মঙ্গলবার মানববন্ধন করেছে নওগাঁ জেলা শিক্ষক সমিতি। সেই সঙ্গে সারাদেশে শিক্ষক নির্যাতনকারীদের গ্রেফতার ও বিচারের দাবি জানানো হয়। এদিন সকালে শহরের মুক্তির মোড় কেন্দ্রীয় শহীদ মিনারের সামনের সড়কে ঘণ্টাকালব্যাপী এ মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

**ঝিনাইদহ ॥** শিক্ষক শ্যামল কান্তি ভক্ত ও ধামরাইয়ে ফৌজিয়া ইয়াসমিনের নির্যাতনকারীদের বিচারের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে শিক্ষকরা। এ উপলক্ষে মঙ্গলবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে বাংলাদেশ শিক্ষক সমিতি জেলা শাখার ঈদগাহে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পোস্ট অফিস মোড় গিয়ে মানববন্ধনে মিলিত হয়।

**পাবনা ॥** প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার দায়ে সেলিম ওসমান এমপির গ্রেফতার দাবিতে মঙ্গলবার সকালে বেড়া উপজেলার সর্বস্তরের শিক্ষক মানববন্ধন ও প্রতিবাদ সভা করেছেন। শিক্ষক সমিতির বেড়া উপজেলা শাখার উদ্যোগে এ কর্মসূচীতে উপজেলার ২০টি স্কুল-কলেজের শিক্ষকরা অংশ নেন। এ ঘটনার প্রতিবাদে কাশিনাথপুর ঢাকা-পাবনা মহাসড়কে এক মানববন্ধন করে। মানববন্ধন শেষে নাটিয়াবাড়ী স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ আবু বকর সিদ্দিকীর সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রবীণ শিক্ষক একেএম ফজলুল হক।